

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
জেলা সমবায় কার্যালয়, পঞ্চগড়

অফিস আদেশ

নম্বর ৪৭.৬১.৭৭০০.০০০.৪২.০০১.২০২৩- ১৪০৮

তারিখঃ ১৩-০৬-২০২৩

জিয়াবাড়ী দানা ফসল কৃষক সমবায় সমিতি লিঃ ID ৫৫৭৭১০০৩৪৮, নিবন্ধন নং- ৩৯, তারিখঃ ১৮-০২-২০২১ খ্রিঃ, উপজেলা-পঞ্চগড় সদর, জেলা- পঞ্চগড় সমিতিটির বৎসরের বার্ষিক নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা করে দেখা যায় বিগত তিন বৎসর যাবৎ কোন সাধারণ সভা অনুষ্ঠিত হয়নি, সমিতিতে কোন ধরনের লেন-দেন অনুষ্ঠিত হয়নি। এতে নিশ্চিত হওয়া গেছে যে সমিতির কার্যক্রম বিগত ১(এক) বৎসরের অধিক সময় যাবৎ বন্ধ আছে এবং সমিতির পরিশোধিত শেয়ার মূলধন সমবায় সমিতি বিধিমালা ২০০৪(সংশোধিত ২০২০) এর ৫(৩) বিধিতে নির্ধারিত পরিমাণের কম। এ প্রেক্ষিতে সমিতিটিকে বার্ষিক নিরীক্ষা প্রতিবেদনে অকার্যকর হিসেবে চিহ্নিত করা হয়েছে। ফলে সমবায় সমিতি আইন ২০০১(সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ৫৩(ঙ ও চ) ধারার আওতায় সমিতিটির নিবন্ধন সরাসরি বাতিলযোগ্য। সেই কারণে সমিতির নিবন্ধন সরাসরি বাতিলের লক্ষ্যে জেলা সমবায় কার্যালয়, পঞ্চগড় এর স্মারনক নং ১১৩১ তারিখ ২০২৩-০৫-১৫ মূলে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিতে কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়েছিল। নোটিশের প্রেক্ষিতে সমিতির পক্ষে জবাব দাখিল করা হয়েছে/হয়নি। সমিতির জবাবের প্রেক্ষিতে তারিখ শুনানি গ্রহণ করা হয়েছে/ ফলে কোন শুনানি গ্রহণ করা হয়নি। শুনানিতে উপস্থাপিত/অত্র অফিসে রক্ষিত সমিতির যাবতীয় রেকর্ডপত্র পর্যালোচনা করে নিশ্চিত হওয়া গেছে যে সমিতিটি সম্পূর্ণ অকার্যকর ও নিবন্ধন সরাসরি বাতিলযোগ্য। বিধায় সমিতির নিবন্ধন সরাসরি বাতিল করা হলো।

জেলা সমবায় অফিসার
জেলা সমবায় কার্যালয়
পঞ্চগড়

তারিখঃ ২০২৩/০৬/১৩

নম্বর ৪৭.৬১.৭৭০০.০০০.৪২.০০১.২০২৩- ১৪০৮(২)

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল।

- ১) সভাপতি, ব্যবস্থাপনা কমিটি, জিয়াবাড়ী দানা ফসল কৃষক সমবায় সমিতি লিঃ, গ্রামঃ জিয়াবাড়ী, পোঃ পঞ্চগড়, পঞ্চগড় সদর, পঞ্চগড়
- ২) উপজেলা সমবায় অফিসার, পঞ্চগড় সদর, পঞ্চগড়।


জেলা সমবায় অফিসার
জেলা সমবায় কার্যালয়
পঞ্চগড়

হুমকিগণ হুমকি